

# ৪৮ শিক্ষা প্রতিষ্ঠানে পাস করেনি কেউ

অনলাইন ডেস্ক

প্রকাশিত: ১৭:০৫, ২৮ জুলাই ২০২৩; আপডেট: ১৭:০৯, ২৮ জুলাই ২০২৩



ফাইল ছবি।

চলতি বছরের এসএসসি ও সমমান পরীক্ষায় ৪৮টি শিক্ষা প্রতিষ্ঠানের কোনো শিক্ষার্থী পাস করেনি। এছাড়া এবার শতভাগ পাস করেছে এমন শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা ২ হাজার ৩৫৪।

শুক্রবার (২৮ জুলাই) রাজধানীর আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটে এসএসসি ও সমমানের বিস্তারিত ফলাফল তুলে ধরার সময় এই তথ্য জানান শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি।

এ সময় উপস্থিত ছিলেন শিক্ষা উপমন্ত্রী মহিবুল হাসান চৌধুরী, মাদরাসা ও কারিগরি বিভাগের সিনিয়র সচিব মো. কামাল হোসেন, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সচিব সোলেমান খান, আন্তঃবোর্ড সমন্বয় কমিটির সভাপতি ও ঢাকা বোর্ডের চেয়ারম্যান তপন কুমার সরকারসহ সংশ্লিষ্ট শীর্ষ কর্মকর্তারা।

চলতি বছর এসএসসি ও সমান পরীক্ষায় গড় পাসের হার ৮০ দশমিক ৩৯ শতাংশ। গত বছর এসএসসি ও সমান পরীক্ষায় গড় পাসের হার ছিল ৮৭ দশমিক ৪৪ শতাংশ। গত বছরের তুলনায় এবার পাসের হার কমেছে ৭ দশমিক ০৫ শতাংশ।